



এনএসইউতে দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধন

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) গতকাল 'চীন-দক্ষিণ এশিয়া সভ্যতা ও যোগাযোগ : ইতিহাস ও সমসাময়িক বিষয়' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। এনএসইউর সঙ্গে যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করেছে চীনের ইউনান ইউনিভার্সিটি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন এবং অতিথি ছিলেন চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। বিশেষ অতিথি ছিলেন ইউনান ইউনিভার্সিটির হি মিং, পাওয়ার চায়নার ডেপুটি কান্ট্রি ম্যানেজার হান কুন এবং ওসিএআইবির ভাইস প্রেসিডেন্ট ঝাও শিবো। সম্মেলনে বক্তব্য দেন এনএসইউ উপাচার্য আবদুল হান্নান চৌধুরী, এসআইপিজি ও সিএসসিএসএসের পরিচালক এসকে তৌফিক এম হক, সম্মেলনের আহ্বায়ক মোহাম্মদ নুরুজ্জামান এবং সিএসসিএসএসের সমন্বয়ক ড. হারিছুর রহমান। —বিজ্ঞপ্তি